তারিখ AUG. 02 1999
পৃষ্ঠা ৬ কলাম

দৈনিক ইনকিলাব

# একমাস পর চট্টগ্রাম ভার্সিটি খুললেও পরিবহন বন্ধ থাকায় ক্যাম্পাস উত্তপ্ত

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ বর্ষাকালীন ছুটি উপলক্ষে দীর্ঘ ১ মাস বন্ধের পর গতকাল রবিবার চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় খুলেছে। বিশ্ববিদ্যালয় খোলার প্রথমদিনেই ক্যাম্পাসে ছাত্রবহনকারী বাস বন্ধের প্রতিবাদে ক্যাম্পাস উত্তপ্ত হয়ে উঠেছে। আগামী ৪৮ ঘন্টার মধ্যে ক্যাম্পাসে বাস চালু না করলে আগামী ৪ আগস্ট থেকে ক্লাস বর্জনসহ ৫ আগস্ট সর্বাত্মক ছাত্র ধর্মঘটের ডাক দেয়া হয়েছে।

চট্টগ্রাম বিশ্ববিদ্যায় ক্যাম্পাসে ছাত্রছাত্রীদের বহন করার জন্য প্রতিদিন ২২টি বাস ভাড়া করা হয়। এখাতে কর্তৃপক্ষের বার্ষিক ব্যয় ৭০ লাখ টাকা। এ ব্যাপারে চট্টগ্রাম, হাটহাজারী, নাজিরহাট বাস মালিক সমিতির সঙ্গে একটি দীর্ঘমেয়াদী চুক্তি রয়েছে। সম্প্রতি সরকারী তরফ থেকে জানানো হয় যে, কেবলমাত্র বাস ভাড়ার জন্য ৭০ লাখ টাকা দেয়া সম্ভব নয়। ফলে সম্প্রতি সিন্ডিকেটের এক সভায় ১১টি বাস কমানোর সিদ্ধান্ত হয়। এই খবর পেয়ে কোন পূর্ব ঘোষণা ছাড়াই বাস মালিক সমিতি ক্যাম্পাসে সকল বাস সরবরাহ বন্ধ করে দেয়। বিশ্ববিদ্যালয় খোলার প্রথমদিনে গতকাল সকালে শাটল ট্রেনে ছাত্রছাত্রীরা ক্যাম্পাসে পৌঁছে কোন বাস না পেয়ে উত্তেজিত হয়ে ওঠে। সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্র ঐক্যের এক সমাবেশে বলা হয়, ছাত্রছাত্রীদের সঙ্গে কোন আলোচনা ছাড়া দীর্ঘদিনের চালুকৃত বাস হঠাৎ বন্ধ করে দেয়া হঠকারী সিদ্ধান্ত। আগামী ৪৮ ঘন্টার মধ্যে বাস চালু না হলে ৪ আগস্ট ক্লাস বর্জন ও ভিসি ভবন ঘেরাও এবং ৫ আগস্ট সর্বাত্মক ধর্মঘটের ডাক দেয়া হয়। ছাত্রলীগ সভাপতি শাহজাহান চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে মোঃ কলিম, নূরুচ্ছাফা জুলহাজ, রাহাতউল্লাহ, জাহিদ প্রমুখ বক্তব্য রাখেন।

ইসলামী ছাত্রশিবিরের সভাপতি মুজিবুর রহমান মঞ্জুর সভাপতিত্বে অনুষ্ঠিত অপর এক বিক্ষোভ মিছিল ও সমাবেশে নেতৃবৃন্দ অবিলম্বে বাস চালুর দাবী জানিয়ে বলেন, অন্যথায় সাধারণ ছাত্রছাত্রীকে সাথে নিয়ে আন্দোলনের মাধ্যমে ক্যাম্পাস অচল করে দেয়া হবে। ছাত্রাবাস বন্ধ থাকলে শিক্ষকবাসও চলতে দেয়া হবে না।

বাস বন্ধের ব্যাপারে গতকাল বিকেলে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ডঃ গাজী সালাহউদ্দীনের সঙ্গে যোগাযোগ করা হলে তিনি জানান, আকস্মিকভাবে বাস বন্ধ হওয়ায় ছাত্ররা ক্ষুব্ধ হয়েছে। বাজেট সংকটের কারণে সিন্ডিকেট ক্যাম্পাসের অভ্যন্তরে বাস বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। তবে ১ নং সড়ক থেকে ভার্সিটি রেল স্টেশন পর্যন্ত বাস চালু থাকবে। কিন্তু মালিক সমিতি গতকাল হঠাৎ বাস সরবরাহ না করায় উত্তপ্ত পরিস্থিতি সৃষ্টি হয়।